# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

বকশিবাজার, ঢাকা-১২১১

website : www.bmeb.gov.bd

নং বামাশিবো/ রিক/ ........২৮৫২........ তারিখঃ ..২২../..৬../২০১৬......

**বিষয়ঃ দাখিল স্তর বা আলিম স্তর পাঠদান অনুমতি/দাখিল বা আলিম স্বীকৃতি/ দাখিল বা আলিম স্বীকৃতি নবায়ন/ দাখিল বা আলিম বিজ্ঞান বিভাগ/ দাখিল স্তরে কম্পিউটার বিষয় খোলার জন্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়া প্রসঙ্গ।**

**উপর্যুক্ত বিষয়ে ইতোপূর্বে দাখিলকৃত দরখাস্তের সাথে প্রাসঙ্গিক সকল কাগজপত্র না থাকায় নিম্নোক্ত/ টিক চিহ্নিত ক্রমিকে বর্ণিত কাগজপত্র জরুরি ভিত্তিতে জমা দেয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো।**

১. প্রাথমিক পাঠদান অনুমতি/ স্বীকৃতি/ স্বীকৃতি নবায়ন/অনুমতির মেয়াদ বৃদ্ধি/বিজ্ঞান বিভাগ খোলার/কম্পিউটার বিষয় খোলার ফি ............................ টাকা।

২. সংরক্ষিত তহবিলের ....[illegible].... টাকার এফ. ডি. আর এর ফটোকপি (মেয়াদ থাকতে হবে) এবং সাধারণ তহবিলের ....[illegible].... টাকার ব্যাংক সনদের মূল কপি জমা দিতে হবে (**এফডিআর ও সাধারণ তহবিলের হালনাগাদ মূল ব্যাংক প্রত্যয়নপত্র**)।

৩. মাদরাসা বোর্ড কর্তৃক অনুমোদিত পূর্ণাঙ্গ কমিটির ফটোকপি জমা দিতে হবে ।

৪. গত তিন সালের (সাম্প্রতিক) জে.ডি.সি, দাখিল, আলিম পরীক্ষার সত্যায়িত বোর্ড প্রদত্ত ফলাফল শীট জমা দিতে হবে (টেবুলেশন শীট নহে)।

৫. আলিম স্তরে বিজ্ঞান বিভাগ খোলার ক্ষেত্রে সর্বশেষ দাখিল পরীক্ষায় অংশগ্রহণকারী বিজ্ঞান বিভাগের মোট পরীক্ষার্থী সংখ্যা ও উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা (সর্বশেষ দাখিল পরীক্ষার বিজ্ঞানের ফলাফলশীট সংযুক্ত)।

৬. জমির দলিলের মূল সার্টিফাইড কপি, নামজারি, মূল পর্চা ও খাজনার রশিদ, সি.এস, এস.এ, আর.এস ও বি এস খতিয়ান, জমির দাগ নং চিহ্নিত করে AC Land) কর্তৃক সত্যায়িত পূর্ণাঙ্গ মৌজা ম্যাপ **অথবা** জেলা, উপজেলা, মৌজা, জে.এল ও খতিয়ানসহ AC Land স্বাক্ষরিত ট্রেসিং পেপারে স্কেচম্যাপ, জমির অখন্ডতার সনদ পত্র (সহকারি কমিশনার ভূমি কর্তৃক অফিস স্মারক যুক্ত প্রত্যয়ন পত্র) জমা দিতে হবে। জমির অখন্ডতা বলতে মাদরাসা ভবন অবস্থিত ভূমির দাগ/দাগসমূহ পাশাপাশি ও সংলগ্ন হয়ে অখন্ড হতে হবে। মাদরাসার জমি ও গৃহের অনুমোদিত লে-আউট (উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রদত্ত)।

৭. জনবল কাঠামো, নীতিমালা ও নিবন্ধন আইন অনুযায়ী শিক্ষক নিয়োগ ও শূন্য পদ পূরণ করতে হবে । প্রযোজ্য ক্ষেত্রে মহিলা কোটা পূরণ করতে হবে।

৮. মঞ্জুরী শাখা থেকে সংগ্রহ পূর্বক নির্ধারিত ছকে শিক্ষক তালিকা পরিদর্শন কর্মকর্তা/ কমিটির সভাপতির প্রতিস্বাক্ষর ও মাদরাসা প্রধানের স্বাক্ষরসহ জমা দিতে হবে।

৯. নিয়োগকৃত শিক্ষক/ শিক্ষিকাদের নিয়োগ সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র সভাপতির মাধ্যমে প্রদান করতে হবে। **(নিয়োগপত্র, যোগদানপত্র, নির্ধারিত তথ্যছকে পরিদর্শন প্রতিবেদন যথাযথভাবে পূরণ করে সকল একাডেমিক সনদপত্র, রেজুলেশন, পত্রিকার বিজ্ঞপ্তি , নিয়োগ বোর্ডের ফলাফল শীট এবং শিক্ষক নিবন্ধন সনদপত্র)** সভাপতি/ পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক প্রতি পৃষ্ঠায় প্রতিস্বাক্ষরিত করে জমা দিতে হবে। **কলাম ৮ অনুযায়ী নির্ধারিত ছকে পূর্ণাঙ্গ শিক্ষক তালিকা জমা দিতে হবে (নিবন্ধন সনদসহ পূর্ণাঙ্গ সকল মূল কাগজ দেখাতে হবে)**।

১০. পূর্বের নিয়োগকৃত শিক্ষক পরিবর্তনের ক্ষেত্রে প্রাসঙ্গিক কাগজপত্র সভাপতির মাধ্যমে জমা দিতে হবে (**যেমন- পদত্যাগ পত্র, সভাপতির মাধ্যমে ছাড়পত্র ও কমিটির রেজুলেশন ইত্যাদি**)।

১১. প্রস্তাবিত মাদরাসার সাথে উপজেলায় অবস্থিত সকল মাদরাসার তালিকা ও নিকটতম মাদরাসাসহ দূরত্ব সম্পর্কিত প্রত্যয়ন পত্র (উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক) অফিস স্মারক নম্বর যুক্ত জমা দিতে হবে।

১২. উপজেলা পরিসংখ্যান অফিসার কর্তৃক জনসংখ্যা প্রত্যয়নপত্র জমা দিতে হবে (অফিস স্মারক নম্বর ও তারিখ যুক্ত)।

১৩. প্রতিষ্ঠানের নাম ব্যক্তির নামে নামকরণের ক্ষেত্রে দাখিল মাদরাসার জন্য ১০,০০,০০০.০০ (দশ লক্ষ)/ আলিম মাদরাসার জন্য ১৫,০০,০০০.০০ (পনের লক্ষ) টাকা মাদরাসার ব্যাংক হিসাবে জমা করতে হবে এবং উক্ত ব্যাংক হিসাবটি সংরক্ষিত তহবিল হিসেবে গণ্য হবে। ব্যক্তি নামে নামকরণের লক্ষ্যে উক্ত ব্যাংক হিসাবটি সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের সাথে মাদরাসা প্রধান/ কমিটির সভাপতি কর্তৃক যৌথভাবে পরিচালিত হতে হবে এবং যৌথভাবে পরিচালিত উক্ত হিসাবে জমাকৃত অর্থের মূল ব্যাংক প্রতয়ন পত্র (অফিস স্মারক নম্বর যুক্ত প্রত্যয়নপত্র) এবং জমা বহির ফটোকপি জমা দিতে হবে ।

১৪. বিজ্ঞান বিভাগ খোলার ক্ষেত্রে B.Sc পরীক্ষার মূল নম্বর পত্র প্রদর্শন করতে হবে (ফটোকপিসহ)। বিজ্ঞান বিভাগের B.Sc শিক্ষকের ডিগ্রি পর্যায়ে প্রাণিবিদ্যা/ উদ্ভিদবিদ্যা বিষয় থাকতে হবে।

১৫. বিজ্ঞান বিভাগের জন্য দাখিল ৩০,০০০/ আলিম ১,০০,০০০ টাকার বিজ্ঞান বিষয়ক যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি ক্রয় করতে হবে এবং মূল ভাউচার সংযুক্ত করতে হবে।

১৬. ৩০,০০০.০০ টকার কম্পিউটার ক্রয়ের মূল ভাউচার জমা দিতে হবে। বিদ্যুৎ সংযোগের ডি. জি. এম/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সনদ পত্র(তাঁর টেলিফোন নম্বরসহ) এবং বিদ্যুৎ বিলের মূল কপি জমা দিতে হবে (তিন মাসের)।

১৭. মাদরাসা স্থাপনের সরকারের নীতিমালার সকল শর্ত উল্লেখপূর্বক সেগুলো যথাযথভাবে প্রতিপালন করা হয়েছে মর্মে ৩০০/= (তিনশত) টাকার নন‌জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার নামা (নোটারী পাবলিক করা)।

১৮. সকল শ্রেণীর শিক্ষার্থীর তালিকা/ বিজ্ঞান শিক্ষার্থীর তালিকা/কম্পিউটার শিক্ষার্থীর তালিকা।

১৯. লাইব্রেরির বই-এর শর্ত পূরণ বিষয়ে কাগজপত্র।

১৯. ইনডেক্সধারী ...................... জন শিক্ষকের মূল পদত্যাগ পত্র ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল ছাড়পত্র (বিমুক্তি পত্র) জমা দান (ইনডেক্স নম্বরসহ)।

২০. নতুন মাদরাসা স্থাপনের ক্ষেত্রে প্রবিধানমালা ৪৮ এর আলোকে নির্বাহী কমিটি গঠিত হতে হবে।

২১. দাখিল/আলিম পরীক্ষার্থীদের ৯ম শ্রেণিতে/আলিম ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীর টট লিস্ট রেজিস্ট্রেশন অনুযায়ী (প্রত্যেক বছরের)।

২২. অনুমতির মেয়াদ বৃদ্ধি/ স্বীকৃতি নবায়নের তথ্যছক (সংযুক্ত) পূরণ পূর্বক জমা দিতে হবে।

২৩. **পাঠদান অনুমতি/বিজ্ঞান বিভাগ/ কম্পিউটার বিষয় খোলা প্রক্রিয়াধীন অবস্থায় সংশ্লিষ্ট মাদরাসায় অধ্যয়নরত শিক্ষার্থীদের অন্য কোন মাদরাসার মাধ্যমে যথাসময়ে রেজিস্ট্রেশন করাতে হবে।**

২৪. চলমান শিক্ষা বর্ষে রেজিস্ট্রেশনের সময়সীমার মধ্যে পাঠদান অনুমতি/ বিজ্ঞান বিভাগ/কম্পিউটার বিষয় খোলার অনুমতি প্রাপ্ত হলে কেবল সে ক্ষেত্রে রেজিস্ট্রেশনের সময়সীমার মধ্যে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের সুযোগ পাওয়ার সম্ভাবনা রয়েছে।

২৫. পাঠদান অনুমতির জন্য আবেদনকারী মাদরাসা কর্তৃপক্ষকে ব্যানবেইস থেকে EIIN সংগ্রহ করে জমা দিতে হবে। উল্লেখ্য, পাঠদান অনুমতিপ্রাপ্ত মাদরাসার শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রদানের জন্য EIIN প্রয়োজন।

২৬. ..................................................................................................

২৭. ..................................................................................................

২২/০৬/১৬

**মাদরাসা পরিদর্শক**
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

**প্রাপকঃ**

**অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট**

নাজাবাড়ী হালাদিয়া দাখিল .......................... মাদরাসা

ডাকঘরঃ ....খোকসাপাম.... উপজেলাঃ ....বিরল.... জেলাঃ ....দিনাজপুর-৯৫....।

D:\Ashraf\Wanting Final-2014.Docx